গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# নীলফামারী সরকারি মহিলা কলেজ, নীলফামারী।

EIIN: 125188, ওয়েবঃ www.ngwc.gov.bd ই-মেইলঃ nilgovwc@gmail.com মোবাইলঃ ০১৭৩৩৩৯০৭০৪

বিজ্ঞপ্তি নংঃ নীঃসঃমঃকঃ/ /২০১৫ তারিখ:

## ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ একাদশ মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তি বিজ্ঞপ্তি ঃ

**এসএমএস ও অনলাইনের মাধ্যমে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলী ঃ**
**নীলফামারী সরকারি মহিলা কলেজের আসন সংখ্যা ঃ মানবিক- ৪০০, বিজ্ঞান- ১৫০, ব্যবসায় শিক্ষা- ১৫০**

ভর্তির আবেদনের যোগ্যতাঃ অত্র কলেজে ভর্তির আবেদন করার জন্য এসএসসি পরীক্ষার ফলাফলে নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবে ঃ
বিজ্ঞান = সর্বনিম্ন জিপিএ ৩.০০ মানবিক = সর্বনিম্ন জিপিএ ২.০০ ব্যবসায় শিক্ষা = সর্বনিম্ন জিপিএ ২.০০

বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে ঃ এসএসসি/সমমান পরীক্ষার ফলাফলে নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবে।
বিজ্ঞান থেকে মানবিক/ ব্যবসায় শিক্ষা = জিপিএ ৩.০০, মানবিক থেকে ব্যবসায় শিক্ষা ও ব্যবসায় থেকে মানবিক = জিপিএ ২.৫০

ভর্তির আবেদনের সময় ঃ ০৬/০৬/২০১৫ থেকে ১৮/০৬/২০১৫ তারিখ, রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত গ্রহণ করা হবে।

** **এসএমএস এর মাধ্যমে ভর্তির আবেদন করার পদ্ধতি ঃ**

এসএমএস এর মাধ্যমে আবেদন করতে হলে শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে আবেদন করা যাবে। মোবাইলের Message অপশনে গিয়ে CAD লিখে <Space> দিয়ে আবেদনকারী যে কলেজে ভর্তি হতে ইচ্ছুক সেই কলেজের EIIN No. লিখে (নীলফামারী সরকারি কলেজের EIIN No. হচ্ছে-১২৫১৮৮) <Space> দিয়ে যে গ্রুপে ভর্তি হবে সেই গ্রুপের ইংরেজী প্রথম দুই অক্ষর লিখে <Space> দিয়ে যে বোর্ড হতে এসএসসি/ সমমান পাস করেছে সেই বোর্ডের নামের প্রথম ৩(তিন) অক্ষর লিখে <Space> দিয়ে এসএসসি/ সমমান রোল নম্বর লিখে আবার <Space> দিয়ে এসএসসি/সমমান পাশের বছর লিখে <Space> দিয়ে ভর্তিচ্ছু শিফ্‌ট-এ ভর্তি হবে তার প্রথম অক্ষর লিখে (কোন শিফট না থাকলে N লিখতে হবে) <Space> দিয়ে যে মিডিয়ামে ভর্তি হবে তার প্রথম অক্ষর লিখে (বাংলা মিডিয়ামের জন্য B লিখতে হবে) <Space> দিয়ে যদি Quota থাকে তাহলে FQ বা EQ বা SQ যখন যেটি প্রযোজ্য সেটি লিখে (Quota না থাকলে কিছু লিখতে হবে না) 16222 নম্বরে SMS Send করতে হবে।

পছন্দক্রম সংশোধন ঃ নির্ধারিত সময়ের (১৮ জুন, ২০১৫ তারিখ) মধ্যে কোন আবেদনকারী তার আবেদনকৃত এসএমএস ও অন-লাইন উভয় ক্ষেত্রে কলেজ ও সমমান প্রতিষ্ঠান সমূহের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে চাইলে শুধুমাত্র অন-লাইনে তার Application ID এবং Password দিয়ে Login করে পছন্দক্রম সর্বোচ্চ ২ বার পরিবর্তন করতে পারবে।

## নীলফামারী সরকারি মহিলা কলেজে আবেদন করতে হলে যা করতে হবে ঃ

EXAMPLE :

1st Step:

TYPE: CAD<Space>EXPECTED COL_EIIN<Space>EXPECTED_GROUP<Space>SSC_BOARD<Space>
SSC_ROLL <Space> SSC_YEAR<Space>SHIFT<Space>MEDIUM<Space>QUOTA

EXAMPLE For Nilphamari Govt. Women's College:

CAD 125188 SC DIN 585278 2015 N B FQ (QUOTA থাকলে উলেখ করতে হবে; না থাকলে প্রয়োজন নাই।)

SEND TO : 16222

ফিরতি SMS-এ আবেদনকারীর নাম, কলেজের নাম ও EIIN নাম, গ্রুপের নাম এবং শিফট্‌সহ ফি বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN (Personal Identification Number) প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে Message অপশনে গিয়ে CAD লিখে <Space> দিয়ে YES লিখে <Space> দিয়ে PIN Number লিখে <Space> দিয়ে Contact Mobile No. ( নিজের ব্যবহৃত যে কোন মোবাইল নাম্বার) লিখে ১৬২২২ নাম্বারে SMS Send করতে হবে।

EXAMPLE :

<u>2nd Step</u>:

TYPE: CAD<Space>YES<Space>PIN_CODE<Space>CONTACT NO.

EXAMPLE: CAD YES 123456 01825557666 (আবেদনকারীর নিজের ব্যবহৃত মোবাইল নম্বর দিতে হবে)

SEND TO : 16222

<u>EXPECTED GROUP:</u> SC = SCIENCE ; HU = HUMANITIES ; BS = BUSSINESS STUDIES

<u>SHIFT:</u> N = NILL

<u>QUOTA:</u> মুক্তিযোদ্ধা কোটার জন্য = FQ ; শিক্ষা মন্ত্রণালয়েল কোটার জন্য = EQ ; বিশেষ কোটার জন্য = SQ ; কোন শিক্ষার্থী একাধিক কোটায় আবেদন করার যোগ্যতা থাকলে কমা (,) দিয়ে একাধিক কোটা উলেখø করতে হবে। যেমন- কোন শিক্ষার্থী মুক্তিযোদ্ধা এবং বিশেষ কোটায় আবেদনের যোগ্যতা থাকলে তাকে কোটার জন্য FQ,SQ লিখতে হবে। উলেখিত কোটার আওতাধীন না হলে কোটার অপশনে কিছু লেখার প্রয়োজন নেই।

**পছন্দক্রম নির্ধারণ ঃ** SMS-এ আবেদনকারী তার পছন্দ অনুযায়ী প্রথমে যে কলেজের জন্য SMS করবে-সেটির পছন্দক্রম (Priority) ১ম হবে এবং দ্বিতীয় বার SMS এর জন্য কলেজের পছন্দক্রম ২য় হবে। উলেখ্য যে, SMS -এ আবেদনের পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে তার পর থেকে পছন্দক্রম শুরু হবে।

একজন আবেদনকারী একাধিক কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানে/একই কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানের একাধিক গ্রুপে/একই কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানের একাধিক শিফ্‌টে আলাদাভাবে আবেদন করতে পারবে, তবে প্রতিক্ষেত্রেই ফি বাবদ ১২০/- (একশত বিশ) টাকা কেটে নেওয়া হবে।

## ** <u>অন-লাইনের মাধ্যমে ভর্তির আবেদন করার পদ্ধতি ঃ</u>

**অন-লাইনে সর্বোচ্চ ৫টি কলেজে আবেদনের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি প্রদান করতে হবে।**

**আবেদন পদ্ধতি ঃ** আবেদনকারীকে নির্ধারিত website -এ (www.xiclassadmission.gov.bd) যেয়ে Apply Online -এ Click করতে হবে; এরপর প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নাম্বার, বোর্ড ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর দেয়া তথ্য সঠিক হলে তার ব্যক্তিগত তথ্য ও মাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA দেখতে পাবে। এরপর নিজের/অভিভাবকের ব্যবহৃত যে কোন মোবাইল নাম্বার এবং কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) দিতে হবে। এই মোবাইল নাম্বারের মাধ্যমে বিভিন্ন সময়ে প্রার্থীকে SMS প্রেরণ করা হবে বিধায় নাম্বারটি নিশ্চিত হওয়ার জন্য ২ বার এন্ট্রি দিতে হবে। অতঃপর তাকে ভর্তিচ্ছু কলেজ, শিফ্‌ট, ভার্সন এবং গ্রুপ Select করতে হবে।

**কোটার ক্ষেত্রে ঃ** অনলাইনে মুক্তিযোদ্ধা, শিক্ষা ও বিশেষ কোটায় ও অন্যান্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে এবং পরবর্তীতে কলেজ কর্তৃক যাচাইকরণ হবে বিধায় কোটার অপশন দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

**পছন্দক্রম নির্ধারণঃ** অন-লাইনে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী প্রথমে যে কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানটি নির্বাচন করবে-সেটির পছন্দক্রম (Priority) ১ম হবে এবং দ্বিতীয় বার নির্বাচনকতৃ কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানটি পছন্দক্রম ২য় হবে। একইভাবে একজন প্রার্থী সর্বোচ্চ ৫ টি কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠান পছন্দক্রম দিয়ে আবেদন করতে পারবে। ফরমটি Submit করার পূর্ব পর্যন্ত পছন্দক্রম পরিবর্তন করার সুযোগ থাকবে। আবেদন ফরমটি সফলভাবে Submit করা হলে-প্রার্থী তার Application ID এবং Password পাবে। তাছাড়াও, প্রার্থীর মোবাইলে এ সংক্রান্ত ১টি SMS বার্তা যাবে। উলেখ্য যে, আবেদনকারী তার মেধামান ও পছন্দক্রম বিবেচনায় ভিত্তিতে ভর্তির জন্য শুধুমাত্র একটি কলেজ বা সমমান শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচিত হবে।

**ফি প্রদান ঃ** অন-লাইনে সফলভাবে আবেদন Submit হওয়ার পর, প্রার্থীরা শুধুমাত্র টেলিটকের মোবাইল ব্যবহৃত করে SMS এর মাধ্যমে তাদের অন-লাইনে আবেদন ফি প্রদান করতে পারবে। টেলিটকের মোবাইল Message অপশন -এ যেয়ে নিম্নলিখিত নিয়মে আবেদন ফি প্রদান করতে হবে।

CAD লিখে <Space> দিয়ে WEB লিখে <Space> দিয়ে Application ID লিখে ১৬২২২ নম্বরে SMS Send করতে হবে। ফিরতি

SMS এ আবেদনকারী নাম, Application ID, কলেজের সংখ্যা এবং ফি বাবদ ১৫০/- টাকা কেটে নেয়া হবে এবং একটি PIN নাম্বার প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে Message অপশনে গিয়ে **CAD**<space>**YES**<space>**PIN** লিখে ১৬২২২ নাম্বারে SMS Send করতে হবে।

**পুনঃ নিরীক্ষণ** ঃ পুনঃনিরীক্ষণের মাধ্যমে যাদের ফল পরিবর্তন হবে তাদের আবেদনপত্র গ্রহণের তারিখ শুধুমাত্র ২১/০৬/২০১৫।

ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের মেধাক্রম ২৫/০৬/২০১৫ তারিখে SMS, নোটিশ বোর্ড এবং বোর্ডের নিজস্ব website, কলেজের ওয়েবসাইট www.ngwc.gov.bd এবং xiclassadmission.gov.bd এর মাধ্যমে জানানো হবে। ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমে মন্ত্রণালয় ও বোর্ড প্রদত্ত নীতিমালা অনুসরণ করা হবে।

বিঃ দ্রঃ মনোনীত শিক্ষার্থীদের সেশন চার্জ সহ ভর্তির ফি ২৫/০৬/২০১৫ ইং তারিখে নোটিশের মাধ্যমে জানানো হবে।

অধ্যক্ষ
নীলফামারী সরকারি মহিলা কলেজ
নীলফামারী।

অনুলিপিঃ
১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২। শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
৩। আহবায়ক, উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি(২০১৫-১৬ শিক্ষাবর্ষ), অত্র কলেজ।
৪। অফিস নথি।